



২২/বি ফারুক সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯  
www.desco.org.bd

## আবাসিক ভবনে বাণিজ্যিক ব্যবহার রোধ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

ডেসকো'র সম্মানিত গ্রাহকগণকে জানানো যাচ্ছে যে, যে সকল আবাসিক প্লটে রাজউক হতে ভবন নির্মাণের জন্য আবাসিক নকশায় অনুমোদন গ্রহণ করতঃ ভবন নির্মাণ কালে অনুমোদিত নকশার ব্যত্যয় করে বাণিজ্যিক ভবন নির্মাণ অথবা নির্মিত ভবনে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করছেন এরূপ গ্রাহকগণকে রাজউক হতে ভবন ব্যবহার সনদ সংগ্রহ করে ডেসকো'র সংশ্লিষ্ট দপ্তরে জমাদানের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে ও পত্রযোগে অবগত করানো হয়। বর্তমানে রাজউক অনুমোদিত আবাসিক নকশার ব্যত্যয় ঘটিয়ে নির্মিত বাণিজ্যিক ভবনের ও আবাসিক ভবনে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনাকারী গ্রাহকগণের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ চলমান রয়েছে।

বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ এড়াতে ভবন নির্মাণ কালে অনুমোদিত নকশার ব্যত্যয় করে বাণিজ্যিক ভবন নির্মাণ অথবা নির্মিত ভবনে বাণিজ্যিক কার্যক্রম পরিচালনাকারী গ্রাহকগণকে অবিলম্বে ব্যবহার অনুযায়ী রাজউকের অনুমতিপত্র/সনদ ডেসকো'র সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় আবাসিক ভবনে বাণিজ্যিক ভাবে বিদ্যুৎ ব্যবহারের কারণে যে কোন সময় আপনার প্রতিষ্ঠান/স্থাপনার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হবে।

অনুরোধক্রমে  
ডেসকো কর্তৃপক্ষ